

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ১৩, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখ : ২১ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ/০৪ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

নং ১০/মূসক/২০২২—যেহেতু, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) গ্রাহকদের বিভিন্ন ধরনের সেবা, যথা:-Internet Bandwidth, Google ও Facebook Peering, Inmarsat এবং International Outgoing Telephone Call Service সরবরাহের লক্ষ্যে বিদেশী প্রতিষ্ঠান হইতে বিভিন্ন ধরনের সেবা আমদানি করিয়া থাকে; এবং

যেহেতু, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) উক্ত আমদানিকৃত সেবা গ্রাহকদের নিকট সরবরাহ করিয়া তৎবিপরীতে গ্রাহকদের নিকট হইতে কতিপয় ক্ষেত্রে হ্রাসকৃত হারে মূল্য সংযোজন কর আদায়পূর্বক যথানিয়মে পরিশোধ করিয়া থাকে; এবং

যেহেতু, কতিপয় ক্ষেত্রে মূল্য সংযোজন কর পরিশোধিত সেবামূল্যের একটি অংশ রেভিনিউ শেয়ারিং হিসেবে বিদেশী প্রতিষ্ঠানকে বৈদেশিক মুদ্রায় পরিশোধ করা হইয়া থাকে এবং উক্ত ক্ষেত্রে পুনরায় মূসক আরোপিত হইলে দৈত কর আরোপিত হইয়া যায়;

(৭৩৫৩)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) কর্তৃক বিদেশী প্রতিষ্ঠানকে বৈদেশিক মুদ্রায় পরিশোধযোগ্য উল্লিখিত সেবামূল্যের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

এ আদেশ ১ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন

প্রথম সচিব (মুসক নীতি)।